গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর চূড়ান্ত এপিএ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নিমিত্ত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ০৫/০৬/২০২৩ সকাল ১১.০০ মি:। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি এপিএ টিম লিডারকে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। এপিএ টিম লিডার জানান যে, গত ০২/০৫/২০২৩ তারিখে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (এপিএ) খসড়া নিয়ে সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সভাপতিত্বে পর্যালোচনা সভা অনুষ্ঠিত-হয়। উক্ত সভায় বিশেষজ্ঞপুলের সদস্যগণ এবং দপ্তর/সংস্থার প্রধানগণের মতামতের আলোকে এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র খসড়া প্রনয়ণ করা হয়। তিনি বলেন, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'তে ০৪টি কৌশলগত ও ১৮টি কার্যক্রম এবং ৩৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তন্মধ্যে ৯টি কর্মসম্পাদন সূচক মন্ত্রণালয়ের নিজস্ব এবং ২৮টি সূচকের সাথে আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্টতা রয়েছে। তিনি আরো বলেন যে, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) এবং বাংলাদেশে সমবায় ব্যাংক প্রতিষ্ঠান দুইটি জাতীয় সমবায় সমিতির অন্তর্ভুক্ত হওয়ায় ২০২৩-২৪ অর্থ বছর হতে এদের এপিএ চুক্তি সমবায় অধিদপ্তরের সাথে সম্পন্ন করার বিষয়ে সভার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগে অবহিত করা হয়।

০৩। এপিএ টিম লিডার সভায় অবহিত করেন যে, গত ২২/০৫/২০২৩ তারিখে এ বিভাগের খসড়া এপিএ পর্যালোচনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত বিভিন্ন জিজ্ঞাসার জবাব উপস্থাপন করা হয়। এ প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে এ বিভাগের খসড়া এপিএ সংশোধন, সংযোজন/বিয়োজন করা হয়েছে। তিনি আরো বলেন, এ বিভাগের ওয়েব সাইটে প্রদর্শিত বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা), বাংলাদেশে সমবায় ব্যাংক এবং জাতীয় সমবায় ফেডারেশন এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা না হলে তা এ বিভাগের ওয়েবসাইটে দপ্তর/সংস্থার তালিকা হতে অপসারণ করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়েছে।

০৪। এ বিষয়ে মহাপরিচালক সমবায় অধিদপ্তর বলেন, আমার অধিদপ্তরের আওতাধীন বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা), একটি কেন্দ্রীয় ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড একটি জাতীয় সমবায় সমিতি অপরদিকে জাতীয় সমবায় ফেডারেশন বিআরডিবি আওতাধীন একটি দ্বি-স্তর বিশিষ্ট সমবায় সমিতি। সে কারণে এই তিনটি প্রতিষ্ঠান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার তালিকাভুক্ত নয় বিধায় বাজেট ব্যবস্থাপনা কমিটির পূর্বতন সিদ্ধান্তের ধারাবাহিকতায় ওয়েবসাইট হতে প্রতিষ্ঠান তিনটির নাম প্রত্যাহার করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

০৫। এপিএ টিম লিডার সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের চূড়ান্ত এপিএ BMC সভার অনুমোদনের পর মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদনক্রমে আগামী ৭ জুনের মধ্যে এপিএএমএস সফটওয়্যারে দাখিল ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে।

০৬। সিদ্ধান্ত:

পরিশেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নিম্নরূপে চূড়ান্ত করা হল:

| কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| [১.১.১] সমবায় সমিতি নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ১০০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| [১.১.২] নিরীক্ষাকৃত কার্যকর সমবায় সমিতি | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ১০০ | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| [১.১.৩] গঠিত অনানুষ্ঠানিক সমিতি/দল | সমষ্টি | সংখ্যা | ২ | | ১৪৩০ | ১৪৪০ | ১৪২০ | ১৪০০ | | | ১৪৫০ | ১৪৬০ |
| [১.১.৪] গঠিত আশ্রয়ন সমবায় সমিতি | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯৫ | | | | ১০০ | ১০০ |
| [১.১.৫] এজিএম সম্পন্ন না হওয়া নিরীক্ষিত সমবায় সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গৃহীত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৮০ | ৭০ | | | | ৮০ | ৮০ |
| [১.২.১] বিতরণকৃত ঋণ গ্রহীতা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | | ৭.৭৯ | ৬.৭৫ | ৬.৬৫ | ৬.৫৫ | | | ৬.৯৫ | ৭.১৯ |
| [১.২.২] আদায়কৃত ঋণ | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৯৬ | ৯৬ | ৯৪ | | | | ৯৬ | ৯৬ |
| [১.৩.১] আত্মকর্মসংস্থানের সহায়তা প্রাপ্ত উপকারভোগীর সংখ্যা | সমষ্টি | সংখ্যা লক্ষ | ২ | | ৩.৩৯ | ৩.৪৬ | ৩.৪০ | | | | ৩.৫০ | ৩.৫৬ |
| [১.৪.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত নারী | সমষ্টি | সংখ্যা লক্ষ | ২ | | ৩.৫৮ | ৩.৫৬ | ৩.৫০ | | | | ৩.৬০ | ৩.৭৪ |
| [১.৪.২] আয়বর্ধনমূলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষ | সমষ্টি | সংখ্যা লক্ষ | ২ | | ১.৮৩ | ১.৯১ | ১.৮০ | | | | ১.৯৭ | ১.৯৭ |
| [১.৫.১] ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে গঠিত মূলধন | সমষ্টি | টাকা (কোটি) | ২ | | ৪৩.৫০ | ৬৫.০০ | ৬৩.০০ | | | | ৬৮ | ৭২ |
| [১.৬.১] বিপণনকৃত অকৃষি পণ্য | সমষ্টি | টাকা (লক্ষ) | ২ | | ২৩০ | ২৪০ | ২৩০ | | | | | |
| [১.৬.২] উদ্যোক্তাদের প্রস্তুতকৃত পণ্যের বাজারজাতকরণে অনলাইন/অফলাইন মার্কেট লিংকেজ স্থাপন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ২৪ | ২০ | ১৬ | | | ২৮ | ৩২ |
| [২.১.১] সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত লার্নিং সেশন | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৬ | ৫ | | | | ৭ | ৮ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [[illegible].২] আয়োজিত সেমিনার/কর্মশালা | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | | | | ৬ | ৭ |
| [২.১.৩] পল্লীর দারিদ্র্য বিমোচনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখায় এক জন শ্রেষ্ঠ পুরুষ এবং একজন শ্রেষ্ঠ নারী মাঠকর্মী/সংগঠক-কে প্রদত্ত স্বীকৃতি/সম্মাননা | তারিখ | তারিখ | ২ | | | ৩.০৬.২৪ | | | | | | |
| [২.১.৪] পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারীদের শূণ্য পদ পূরণকৃত (১০ গ্রেড হতে ২০ গ্রেড) | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৭০ | ৬৫ | ৬০ | | | ৭০ | ৭৫ |
| [২.২.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৭৫ | ৭০ | ৬৫ | | | ৬৫ | ৭০ |
| [২.৩.১] শেখ জহুরুল হক, পল্লী উন্নয়ন একাডেমী, যশোর আইন এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত | তারিখ | তারিখ | ২ | | | ৩০-০৬-২৪ | | | | | | |
| [২.৩.২] সমবায় সমিতি আইন (সংশোধিত)-২০২৩ এর খসড়া আইন মন্ত্রণালয়ে ভেটিং এর জন্য প্রেরিত | তারিখ | তারিখ | ২ | | | ৩০-০৬-২৪ | | | | | | |
| [২.৪.১] কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩০ | ২৮ | | | | ২৩ | ২৬ |
| [২.৪.২] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত কার্যক্রমের সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৯০ | ৮৫ | | | | ৮৫ | ৯০ |
| [৩.১.১] সম্পাদিত গবেষণা | সমষ্টি | সংখ্যা | ২ | | ১৮ | ২৩ | ২০ | | | | ২৩ | ২৩ |
| [৩.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা | সমষ্টি | সংখ্যা | ২ | | ২০ | ২২ | ২০ | | | | ২৪ | ২৩ |
| [৩.৩.১]গবেষণা ও প্রায়োগিক গবেষণার প্রকাশিত ফলাফল | সমষ্টি | সংখ্যা | ২ | | ২২ | ৩২ | ৩০ | | | | ৩৩ | ৩৪ |

| | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| [৩.৪.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | ৩৭ | ৫০ | ৪৫ | | | | ১০০ | |
| [৩.৪.২] স্থাপিত ঘাত সহিষ্ণু পণ্য সংরক্ষণাগার | সমষ্টি | সংখ্যা | ২ | | | ২ | | | | | ৪ | ৬ |
| [৩.৪.৩] বিতরণকৃত স্থানান্তরযোগ্য সোলার সেচ পাম্প | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | | | | ৬ | ৭ |
| [৩.৪.৪] স্থাপিত জীবিকায়ন পল্লী | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৩৪ | ৪০ | ৩৫ | | | ৪৫ | ৪৫ |
| [৩.৫.১] নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | | | | ১০০ | ১০০ |
| [৩.৫.২] পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৪০ | ৩৫ | | | | ৬০ | ৮০ |
| [৪.১.১] আয়বর্ধনমূলক কর্মকান্ডে প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | | ১.১৮ | ১.২৮ | ১.১৮ | | | | ১.৩৮ | ১.৪৯ |
| [৪.১.২] উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে প্রশিক্ষিত জনবল | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ২ | | ২.৩৫ | ১.৮৮ | ১.৬৮ | | | | ১.৫২ | ১.৬৩ |
| [৪.২.১] প্রশিক্ষিত কর্মচারী, জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী | সমষ্টি | সংখ্যা (জন) | ২ | | ৩৭৬৮ | ৭২৫০ | ৭০০০ | | | | ৮০০০ | ৮৯৪৪ |
| [৪.৩.১] সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য মহিলা সমবায়ী/মহিলা সমবায় সমিতিকে স্বীকৃতি/সম্মাননা প্রদান | তারিখ | তারিখ | ২ | | | ২৬.১১.২৩ | | | | | | |
| [৪.৩.২] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে বয়:সন্ধিকালীন স্বাস্থ্যসম্মত উপকরণ বিতরণকৃত | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ১১৮০০ | ১১৬০০ | | | | | |
| [৪.৩.৩] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে তাদের সঞ্চয়কৃত অর্থের দ্বিগুন হারে প্রদত্ত সঞ্চয় প্রণোদনা | সমষ্টি | টাকা কোটি | ২ | | | ৫.৬৬ | ৫.৬০ | | | | ৫.৬৬ | |

খ) ০৭/০৬/২০২৩ তারিখের মধ্যে অনুমোদিত চূড়ান্ত এপিএ এপিএএমএস সফট্ওয়্যারে আপলোডপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করতে হবে;

গ) এপিএ বাস্তবায়নের নিমিত্ত ১ মাসের এ্যাকশনপ্ল্যান প্রস্তুত করতে হবে এবং সংশ্লিষ্ট সকলকে দায় দায়িত্ব নির্ধারণ করে দিতে হবে;

ঘ) এপিএ টিম লিডার ত্রৈমাসিক ভিত্তিতে ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের নিমিত্ত এপিএ টিম সদস্যদের সমন্বয়ে ২ মাস অন্তর অন্তর সভা আহ্বান করবেন; এবং

ঙ) বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ভিটা), কেন্দ্রীয় সমবায় সমিতি, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, জাতীয় সমবায় সমিতি এবং জাতীয় সমবায় ফেডারেশন দ্বি-স্তর বিশিষ্ট সমবায় সমিতির পর্যায়ভূক্ত বিধায় এ বিভাগের ওয়েবসাইটে আওতাধীন দপ্তর/সংস্থার হিসাবে প্রদর্শিত উক্ত সংস্থাসমূহের নাম ওয়েবসাইট হতে প্রত্যাহার করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৭/৬/২০২৩

(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।